গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২।
Web: www.dghs.gov.bd



মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নংঃ স্বাঃঅধিঃ/ প্রশা-২/মেডিঃটেকঃ/কার্ডিওগ্রাফার নিয়োগ/ ২০২০ (অংশ-১)/৮০ তারিখঃ ০৯/০১/২০২১খ্রিঃ

**লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য জরুরি নির্দেশনা**

স্বাস্থ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরী/ রেডিওগ্রাফী/ ডেন্টাল/ ফিজিওথেরাপী/ রেডিওথেরাপী) এর শুন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ১২/১২/২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে আহবান করা হল।

১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী **১৩/০১/২০২১খ্রিঃ রোজ বুধবার** হতে মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরী) পদের প্রার্থীদের পরীক্ষা গ্রহণের মাধ্যমে শুরু হবে।

২) মেডিকেল টেকনোলজিস্ট (রেডিওগ্রাফী/ ডেন্টাল/ ফিজিওথেরাপী/ রেডিওথেরাপী) পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষা পরবর্তীতে পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে।

৩) প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ ও সময় টেলিটক হতে যথাসময়ে SMS এর মাধ্যমে অবহিত করা হবে।

৪) মৌখিক পরীক্ষা প্রতিদিন (শুক্রবার ব্যতীত) দুটি শিফটে যথাক্রমে **সকাল ০৯-০০ ঘটিকা** ও **দুপুর ০২-০০ ঘটিকা** হতে শুরু হবে।

৫) মৌখিক পরীক্ষার স্থানঃ **স্বাস্থ্য অধিদপ্তর (নতুন ভবন), টিবি গেইট, মহাখালী, ঢাকা- ১২১২।**

৬) প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় **প্রবেশপত্র, অ্যাপ্লিকেন্ট কপি (Applicant copy)** ও নিয়োগ বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক **সকল সনদের মূলকপিসহ একসেট সত্যায়িত ফটোকপি** নিয়ে যথাসময়ে পরীক্ষাকেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

৭) মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি প্রদর্শন পূর্বক এক কপি সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যয়ন/ প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(খ) চাকুরীর আবেদন ফরমে উল্লেখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) জাতীয়তা সনদপত্র।

(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঘ) অন্যান্য আনুষঙ্গিক সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)

৮) **যথাযথ স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষাস্থলে আসার জন্য অনুরোধ করা হল। এক্ষেত্রে মাস্ক পরিধান করা বাধ্যতামূলক।**

৯) প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা প্রদান করা হবে না।

১০) কোন অনিবার্য কারণে নিয়োগ কমিটি কর্তৃক মৌখিক পরীক্ষার সময়সূচীর পরিবর্তন করা হলে পরিবর্তিত সময়সূচী সংশ্লিষ্ট প্রার্থীদের SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

১১) নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশিত অন্যান্য সকল শর্তাদি অনুসরণ করতে হবে।

09/01/2021

(ডাঃ শেখ মোহাম্মদ হাসান ইমাম)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও
সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি।